


BabySteps

BabySteps হচ্ছে জেনারেশন নিউ এরা (Generation New Era)-তে অংশগ্রহণকারী পরিবারদের জন্য একটি **বিনামূল্যে স্মার্টফোন অ্যাপ**। যেসব অভিভাবক দীর্ঘ সাক্ষাৎকারটি সম্পন্ন করবেন, তাদেরকে BabySteps-এ যোগ দেওয়ার জন্য আমন্ত্রণ জানানো হবে।

অ্যাপটির মাধ্যমে আপনি যা করতে পারবেন:

- মাসিক ছোট ছোট গবেষণা কার্যক্রমে অংশগ্রহণ
- **ই-ভাউচারের জন্য পয়েন্ট অর্জন:**
5টি সম্পন্ন কাজ = £5
- আপনার শিশুর গুরুত্বপূর্ণ মাইলফলকগুলো পর্যবেক্ষণ,
- বিশেষ স্মৃতি সংরক্ষণ,
- শিশু বিকাশ বিষয়ে সংক্ষিপ্ত ও নির্ভরযোগ্য প্রবন্ধ পড়া,
- অধ্যয়ন দলের সাথে যোগাযোগ রাখা।



BabySteps-এ যোগ দেওয়ার মাধ্যমে, আপনি শিশুদের বেড়ে ওঠা ও বিকাশ সম্পর্কে গবেষকদেরকে নতুন আবিষ্কার করতে সহায়তা করেন। ভবিষ্যৎ প্রজন্মের জন্য আমাদের সংগ্রহ করা তথ্যকে আরও মূল্যবান করে তোলার এটি একটি সহজ উপায়।

আপনার গোপনীয়তা গুরুত্বপূর্ণ

আপনার অ্যাপ-এর তথ্য:

- **সুরক্ষিত এবং গোপনীয়** রাখা হয়,
- বিজ্ঞাপনদাতাদের সাথে **কখনোই** শেয়ার করা হয় না,
- আপনার অবস্থান ট্র্যাক করার জন্য **ব্যবহার করা হয় না**

আপনি আমাদের গোপনীয়তা বিজ্ঞপ্তিটি gnestudy.info/privacy-এ এবং অ্যাপের 'About' বিভাগে খুঁজে পেতে পারেন।

শুরু করা

আপনি যেকোনো সময় অ্যাপটিকে ডাউনলোড করে তার স্বাগতম পৃষ্ঠাগুলিকে দেখতে পারেন। আপনার ইন্টারভিউ-এর সময় পুরোপুরি সেট-আপ করার জন্য, আপনি একটি *বিশেষ লগইন কোড* পাবেন (যেটাকে নিচে লেখা যেতে পারে)।

1. অ্যাপটি ডাউনলোড করুন

QR কোড স্ক্যান করুন কিংবা **"Generation New Era BabySteps"** লিখে সার্চ করুন

অ্যাপ স্টোর বা গুগল প্লে-তে

2. BabySteps-এ যোগ দিন

অ্যাপটি খুলুন এবং **"Join BabySteps-এ যোগ দিন"**-এ ট্যাপ করুন।

3. সম্মতি দিন

নিশ্চিত করুন যে আপনি অংশগ্রহণে ইচ্ছুক, আপনার স্বাক্ষর যোগ করুন এবং **সম্পন্ন** ট্যাপ করুন।

4. আপনার একাউন্ট সেট-আপ করুন

আপনাকে নিম্নবর্ণিত দিতে বলা হবে:

- আপনার **অনন্য লগইন কোড** (আপনার সাক্ষাৎকার থেকে প্রাপ্ত): __ __
__ __ __ __ __
- আপনার **ইমেইল এড্রেস**, একটি **পাসওয়ার্ড** এবং আপনার আর আপনার শিশু, অথবা যমজ বা একাধিক শিশু হলে শিশুদের বিষয়ে কিছু **সাধারণ তথ্য**

যোগ দেওয়ার জন্য আপনি **2টি রিওয়ার্ড পয়েন্ট** পাবেন।

কোনও আপডেট মিস করবেন না

অ্যাপ নোটিফিকেশন চালু করুন, যাতে নতুন গবেষণা কার্যক্রম ও পুরস্কার উপলব্ধ হলে আপনি তা জানতে পারেন। আপনি নিজের ফোনের সেটিংস-এ এটা যেকোনো সময় বদলাতে পারেন।

সহায়তা দরকার?

ওয়েবসাইটে, অ্যাপে **প্রশ্ন ও উত্তর** ভাগে যান, অথবা অধ্যয়ন দলের সাথে যোগাযোগ করুন:

 **ইমেইল:** gnestudy@ipsos.com  **ফোন:** 0800 151 0610 **ওয়েবসাইট:** gnestudy.info

অনুগ্রহ করে সম্ভব হলে আপনার রেফারেন্স নম্বর/অনন্য লগইন কোড হাতের কাছে রাখবেন।